

উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা

বটিয়াঘাটা উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির আগষ্ট ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভার তারিখ: ০৭.০৮.২০২৫ খ্রি.



সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বটিয়াঘাটা, খুলনা

সময়: সকাল ১০ টা

আলোচ্য সূচীঃ

- ১। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বটিয়াঘাটা, খুলনায় গবাদীপশুর চিকিৎসার সুবিধার্থে Animal Shed শেড নির্মাণ সংক্রান্ত
- ২। গবাদী পশুর চিকিৎসার জন্য পর্যাপ্ত ঔষধ সরবরাহ না থাকায় চিকিৎসা কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় ঔষধ বিশেষ করে কুমিনাশক ও এলএসডি টিকা সংক্রান্ত
- ৩। সমুদ্রগামী জেলেকে ৮০ কেজি করে ভিজিএফ চাল বিতরণ সংক্রান্ত।
- ৪। বিবিধ

উপস্থিত সদস্যদের স্বাক্ষর:

ক্রমিক নং	কমিটির সদস্য	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব হোসেনে আরা তাল্লি উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা	সভাপতি	✓
০২	জনাব সেলিম সুলতান সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বটিয়াঘাটা	সদস্য	
০৩	চেয়ারম্যান গঙ্গারামপুর ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা	সদস্য	
০৪	চেয়ারম্যান বালিয়াড়া ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা	সদস্য	
০৫	জনাব ডা. মোঃ তরিকুল ইসলাম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বটিয়াঘাটা	সদস্য সচিব	



এর শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। এরপর বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

*উপজেলা প্রাণীসম্পদ কার্যালয়ে বর্ষার সময়ে গবাদীপশু চিকিৎসার জন্য খামারীরা আসলে Animal Shed না থাকায় চিকিৎসা কার্যক্রম ব্যহত হয়। এ সমস্যা সমাধানের জন্য ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বটিয়াঘাটা উপজেলা প্রাণীসম্পদ কার্যালয়ে একটি Animal Shed শেড নির্মাণ করার জন্য উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করা হয়। উপজেলা প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে এ প্রস্তাবটি উপজেলা পরিষদ সভায় অনুমোদনের জন্য উত্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

*প্রাণীসম্পদ অধিদপ্তর হতে গবাদী পশুর চিকিৎসার জন্য পর্যাপ্ত ঔষধ সরবরাহ না থাকায় চিকিৎসা কার্যক্রম ব্যহত হচ্ছে। বিভিন্ন ধরনের প্রয়োজনীয় ঔষধ বিশেষ করে কৃমিনাশক ঔষধের ব্যাপারে উপজেলা পরিষদের সহযোগিতা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

*বটিয়াঘাটা উপজেলা মৎস্য দপ্তর হতে ইতিমধ্যে ২০৪৯ জন সমুদ্রগামী জেলেকে ৮০ কেজি করে ভিজিএফ চাল বিতরণ করা হয়েছে সর্মে সভায় অবহিত করা হয়।

*নদীতে বিভিন্নধরনের মাছের পোনা নিধন বন্ধে মৎস্যজীবীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এরপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতির স্বাক্ষর

হোসনে আরা ভান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বটিয়াঘাটা, মুন্সিগঞ্জ।